

জাতীয় সঞ্চয় অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমঃ আবেদন ফরমের সাথে সংযুক্তিকরণ।

জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম'-এর মাধ্যমে সঞ্চয়পত্র ইস্যুর নিমিত্ত নির্ধারিত আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে:

ব্যক্তির ক্ষেত্রে

- ▶ জাতীয় পরিচয়পত্র (এনআইডি)-এর ফটোকপি;
- ▶ ট্যাক্সপেয়ার আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন)-সনদের ফটোকপি (বিনিয়োগের পরিমাণ ২ লক্ষ টাকার বেশী হইলে);
- ▶ বিনিয়োগকারী নগদ (বিনিয়োগের পরিমাণ ২ লক্ষ টাকা পর্যন্ত) অথবা ব্যাংক হিসাব চেকের মাধ্যমে সঞ্চয়পত্র ক্রয়ের অর্থ পরিশোধ করতে হবে;
- ▶ যে নামে সঞ্চয়পত্র ক্রয় করতে ইচ্ছুক সে নামে ব্যাংক হিসাবের চেক;
- ▶ একক নামে সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে একক নামে ব্যাংক হিসাবের চেক অথবা যুগ্ম-নামে সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে যুগ্ম-নামে ব্যাংক হিসাবের চেক প্রদান করতে হবে;
- ▶ নমিনীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (নমিনী নাবালক হলে জন্ম নিবন্ধন সনদ অথবা পাসপোর্টের ফটোকপি; নমিনির পক্ষে মনোনীত অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি)।
- ▶ প্রতিষ্ঠান নমিনি হলে প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন সনদ/স্থানীয় সরকার কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র;
- ▶ ক্রেতা ও নমিনী (প্রযোজ্য ক্ষেত্রে) উভয়ের ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি; যেখানে ক্রেতার ছবি ইস্যু অফিসার কর্তৃক এবং নমিনীর ছবি ক্রেতা কর্তৃক সত্যায়িত থাকবে।

স্বীকৃত ভবিষ্য তহবিলের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে:

- ▶ সংশ্লিষ্ট কর কমিশনারের কার্যালয় কর্তৃক ইস্যুকৃত স্বীকৃতিপত্র;
- ▶ প্রতিষ্ঠানের কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড সংরক্ষণ বিষয়ে সরকারি গেজেট/প্রজ্ঞাপনের কপি;
- ▶ ভবিষ্য তহবিলের নামে ট্যাক্সপেয়ার আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) এর সনদের ফটোকপি;
- ▶ ভবিষ্য তহবিলের নামে ব্যাংক হিসাবের চেক ও ব্যাংক হিসাবের বিবরণী;
- ▶ সঞ্চয়পত্রে বিনিয়োগের সিদ্ধান্ত সম্বলিত পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণী;
- ▶ দস্তখতকারী (Signatory)-দের নাম, পদবী ও স্বাক্ষর সংক্রান্ত প্রত্যয়নপত্র; এবং
- ▶ ফরওয়ার্ড লেটার

আয়কর অধ্যাদেশ-১৯৮৪ এর ৬ষ্ঠ তফসিল এর পার্ট 'এ' এর অনুষ্টেদ ৩৪ অনুযায়ী পরিচালিত প্রতিষ্ঠানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে:

- ▶ সংশ্লিষ্ট উপ-কর কমিশনার কর্তৃক প্রত্যয়নপত্র;
- ▶ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ট্যাক্সপেয়ার আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) এর সনদের ফটোকপি;
- ▶ যে নামে সঞ্চয়পত্র ক্রয় করতে ইচ্ছুক সে নামে ব্যাংক হিসাবের চেক ও ব্যাংক হিসাবের বিবরণী;
- ▶ সঞ্চয়পত্রে বিনিয়োগের সিদ্ধান্ত সম্বলিত পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণী;
- ▶ দস্তখতকারী (Signatory)-দের নাম, পদবী ও স্বাক্ষর সংক্রান্ত প্রত্যয়নপত্র; এবং
- ▶ ফরওয়ার্ড লেটার

অটিষ্টিকদের শিক্ষা/লালন-পালনের জন্য গঠিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

- ▶ সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রত্যয়নপত্র;
- ▶ প্রতিষ্ঠানের ট্যাক্সপেয়ার আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) এর সনদের ফটোকপি;
- ▶ যে নামে সঞ্চয়পত্র ক্রয় করতে ইচ্ছুক সে নামে ব্যাংক হিসাবের চেক ও ব্যাংক বিবরণী;
- ▶ সঞ্চয়পত্রে বিনিয়োগের সিদ্ধান্ত সম্বলিত পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণী;
- ▶ দস্তখতকারী (Signatory)-দের নাম, পদবী ও স্বাক্ষর সংক্রান্ত প্রত্যয়নপত্র; এবং
- ▶ ফরওয়ার্ড লেটার

পেনশনার সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে:

- ▶ ভবিষ্য তহবিলের চূড়ান্ত মঞ্জুরীপত্র;
- ▶ প্রাপ্ত আনুতোষিকের মঞ্জুরীপত্র;
- ▶ পেনশন বইয়ের ফটোকপি; অথবা
- ▶ নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত পিএসপি-২ ফরম।